উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

স্থান ঃ- সভাপতির অফিস কক্ষ
তারিখ ঃ- ২২/০৭/২৪ খ্রিঃ
সময় ঃ- ১২.০০ ঘটিকা

আলোচ্য সূচি ঃ

০১। গত সভার কার্য্য বিবরণী পঠন ও অনুমোদন।
০২। গঠিত নতুন কমিটির সদস্যদের পরিচিতি ।
০৩। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।
০৪। বিবিধ।

অদ্যকার সভায় অত্র কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতির অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গত সভার কার্য্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগীয় আলোচনায় সদস্য সচিব জানান, তাঁর দাপ্তরিক কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। অত্র উপজেলার বেকার মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ২টি বেসিক ট্রেডে (১) দর্জি বিজ্ঞান প্রশিক্ষন, আসন সংখ্যা-২৫ জন (প্রতি সিপ্টে) (২) ব্লক বাটি প্রশিক্ষন, আসন সংখ্যা-২৫ জন মোট ৫০-জন করে প্রতি সিপ্টে প্রশিক্ষন কার্য্যক্রম অব্যাহত আছে।

এ বিষয়ে আলোচনায় সভাপতি মহোদয় বলেন, বাছাই কার্য্যক্রমে যাতে অনিয়ম না হয় এবং প্রকৃত যারা পাওয়ার যোগ্য তাঁরা যেন নির্বাচিত হন, সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সদস্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থাযী কমিটি
উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগরি জন্য
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
০৩। উপজেলা......................কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, ৬ নং ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ঠাকুরগাঁও সদর ঠাকুরগাঁও।

# মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার সম্মানিত সদস্যদের হাজিরা সিট

তারিখ ঃ ২২/০৭/২৪ খ্রিঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | সদস্য পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | সভাপতি | |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৬ নং ইউনিয়ন পরিষদ, ঠাকুরগাঁও সদর | সদস্য | |
| ০৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | সদস্য | |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর ঠাকুরগাঁও | সদস্য সচিব | |